# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ।
ফোন ঃ ০২-২২৩৩৮৯১২১; ই-মেইল ঃ dgmbudget@krishibank.org.bd

বিকেবি/প্রকা/বাজেট-৩(পরিপত্র)/২০২২-২০২৩/৪৯

তারিখঃ ১৭-০৮-২০২২ খ্রিঃ

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় /স্টাফ কলেজ, মিরপুর/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা (বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের মাধ্যমে)।
০৬। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ এর ২০২২-২০২৩ অর্থ বছরে অফিস পরিচালন ও মূলধন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ সংক্রান্ত নির্দেশনার বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্রতা সাধনের লক্ষ্যে গণপজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রনালয়ের অর্থ বিভাগের বাজেট অনু বিভাগ-১,অধিশাখা-১ এর ২০২২-২০২৩ অর্থ বছরে অফিস পরিচালন ও মূলধন বাজেটের যানবাহন ক্রয়, আপ্যায়ন ব্যয়, ভ্রমণ ব্যয় (সাধারণ), মনিহারি (স্থানীয় ক্রয়), কম্পিউটার ও কম্পিউটার যন্ত্রপাতি ক্রয়, বৈদ্যুতিক স্থাপনা, আসবাবপত্র এবং প্রশিক্ষণ (স্টাফ কলেজ ব্যতীত) খাতে ব্যয় স্থগিত/হ্রাসকরণ সংক্রান্ত সরকারী নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়াদি যথাযথভাবে পরিপালনের জন্য অনুরোধ করা হলোঃ

(ক) নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় (মোটরযান, জলযান এবং আকাশযান) বন্ধ থাকবে।

(খ) চলতি অর্থবছরে আপ্যায়ন খাত এর ব্যয় বরাদ্দকৃত বাজেটের ৫০% এর মধ্যে রাখতে হবে। খরচের ক্ষেত্রে বাহুল্য বর্জনও কৃচ্ছ্রতা সাধনের মাধ্যমে অপচয় রোধ করতে হবে।

(গ) চলতি অর্থবছরে ভ্রমণ ব্যয় (সাধারণ) এ বরাদ্দকৃত বাজেটের ৫০% মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। ব্যাংকের সার্বিক উন্নয়নের লক্ষ্যে ভ্রমণে তালিকা এমন ভাবে করতে হবে যেন শাখা সংলগ্ন আরও কয়েকটি শাখা একই সাথে পরিদর্শন করা যায়। এছাড়াও প্রয়োজনমত ভার্চুয়াল মিটিং করে শাখা ব্যবস্থাপকদের সাথে মত বিনিময়/তদারকি নিশ্চিতকরণের মাধ্যমে ভ্রমণ ব্যয় হ্রাস করতে হবে। শাখা ব্যবস্থাপক/ মাঠকর্মীদের স্ব-স্ব ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে জরুরী প্রয়োজন ব্যতীত ভ্রমনের পরিবর্তে প্রয়োজনে মোবাইল/ ই- মেইল এর মাধ্যমে গ্রাহকদের সাথে যোগাযোগ নিশ্চিত করার মাধ্যমে ভ্রমণ ব্যয় (সাধারণ) সংকোচন করতে হবে।

(ঘ) মনিহারি (স্থানীয় ক্রয়) খাতে ব্যয় বরাদ্দকৃত বাজেটের ৫০% মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে । অত্যন্ত সতর্কতার সহিত শুধুমাত্র প্রয়োজনীয় দ্রব্য ক্রয় করে চাহিদা পূরণ করতে হবে।

(ঙ) কম্পিউটার ও কম্পিউটার যন্ত্রপাতি ক্রয় খাতে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। জরুরী প্রয়োজন ব্যতীত উক্ত খাতে ক্রয় বন্ধ রাখতে হবে। প্রয়োজনে ব্যবহার উপযোগী পুরাতন কম্পিউটার মেরামতের মাধ্যমে অনলাইন ব্যাংকিং কার্যক্রম সক্রিয় রাখতে হবে।

(চ) বৈদ্যুতিক স্থাপনা ক্রয় খাতে বরাদ্দকৃত বাজেটের ৫০% এর মধ্যে ব্যয় সীমাবদ্ধ রাখার লক্ষ্যে জরুরী প্রয়োজন ব্যতীত বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় করা যাবে না। প্রয়োজনে পুরাতন যন্ত্রপাতি মেরামতের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম সচল রাখতে হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(ছ) আসবাবপত্র ক্রয় খাতে বরাদ্দকৃত বাজেটের ৫০% এর মধ্যে ব্যয় সংকুলানের জন্য নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক জরুরী প্রয়োজন ব্যতীত আসবাবপত্র ক্রয় বন্ধ রাখতে হবে। শাখা পর্যায়ে ব্যবসায়িক সম্ভাব্যতার ভিত্তিতে জরুরী চাহিদা মেটানোর জন্য সীমিত আকারে আসবাবপত্র ক্রয় করতে হবে। প্রয়োজনে পুরাতন আসবাবপত্র মেরামত করে চাহিদা পূরণ করতে হবে।

(জ) প্রশিক্ষণ (স্টাফ কলেজ ব্যতীত) খাতে বরাদ্দকৃত বাজেটের ৫০% এর মধ্যে ব্যয় সংকুলানের লক্ষ্যে জরুরী প্রয়োজন ব্যতীত আধুনিক টেকনোলজি (যেমন, জুম / হোয়াটস অ্যাপ) ব্যবহার করে ভার্চুয়াল প্রশিক্ষণ কার্য সম্পন্ন করতে হবে।

অনুমোদনক্রমে,

সংযোজনীঃ ০১ (এক) পাতা
অর্থ মন্ত্রণালয় এর অর্থ বিভাগের পরিপত্র

আপনার বিশ্বস্ত

১৭/০৮/২০২২

(জিনাত শাফিন ওয়াদুদ)
উপ-মহাব্যবস্থাপক

---

বিকেবি/প্রকা/বাজেট-৩(পরিপত্র)/২০২২-২০২৩/

তারিখঃ ১৭-০৮-২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১,২,৩ মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/উপর্যুক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটের উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। নথি/মহানথি।

১৭/০৮/২২

(এস, এম, জাকির হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

সংযুক্তি-১

(একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত)

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯ / ০৩ জুলাই ২০২২

## পরিপত্র

বিষয়ঃ **২০২২-২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।**

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্র সাধনের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে;

(খ) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়', '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়', '৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি', '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি' ও '৪১১২৩১৪-আসবাবপত্র' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(গ) দেশের অভ্যন্তরে প্রশিক্ষণের ক্ষেত্রে '৩২৩১৩০১-প্রশিক্ষণ' খাতে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে; এবং

(ঘ) উপরের (ক), (খ) ও (গ)-এ বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুনঃউপযোজন করা যাবে না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

৩.৭.২০২২

(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব
☎ ৯৫১৪১৪৬
ই-মেইলঃ anism321@finance.gov.bd

**বিতরণ:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, ........................................, মন্ত্রণালয়/বিভাগ
৫. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৮. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৯. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(12879/potrojariAttachmentRef/118332/0/8)) অনুযায়ী কর্মসংস্থান ব্যাংকের ডিওএস২ তে
০৪টি জিপ অন্তর্ভুক্তকরণের সুযোগ নেই।